গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৩-১০৩/৬ (৪৫)

তারিখঃ ৩০/১১/২০২৩ খ্রিঃ।

**"সভার নোটিশ"**

আগামী ০৫/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা- ১২.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব কৃষ্ণপদ ঘোষ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

30.11.2023
রুনু সাহা
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

প্রাপক :
০১। মাননীয় সংসদ সদস্য-৯৩, নড়াইল-১
০২। মেয়র, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০৩। উপজেলা-.. ..............................................অফিসার,কালিয়া, নড়াইল।
০৪। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরষদ, কালিয়া, নড়াইল।
০৫। জনাব........................................................................................, কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৩-১০৪/৬ (৪৫)

তারিখঃ ৩০/১১/২০২৩ খ্রিঃ।

**"সভার নোটিশ"**

আগামী ০৫/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা- ১২.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব কৃষ্ণপদ ঘোষ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

30.11.2023
রুনু সাহা
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

প্রাপক :
০১। মাননীয় সংসদ সদস্য-৯৩, নড়াইল-১
০২। মেয়র, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০৩। উপজেলা-.. ..............................................অফিসার,কালিয়া, নড়াইল।
০৪। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরষদ, কালিয়া, নড়াইল।
০৫। জনাব........................................................................................, কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় : উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
তারিখ: ০৫/১২/২০২৩ খ্রিঃ।
সময় : বেলা-১২.০০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি: কৃষ্ণপদ ঘোষ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ( পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বলেন যে, গণতন্ত্রের মানসকন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব ও দিকনির্দেশনায় নিজেস্ব অর্থায়নে স্বপ্নের পদ্মা সেতুসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ট্যানেল এর মত বৃহৎ অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং আগামী ২০৪১ সালে উন্নত বাংলাদেশ হবে সে প্রত্যাশায় নানামুখী কার্যক্রম গৃহীত হয়েছে। এ সকল কার্যক্রম বাস্তবায়ন উপজেলা পর্যায়ে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ পর্যায়ে তিনি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভার কার্য পরিচালনার জন্য সকল সদস্যকে আহবান করেন। অতঃপর আলোচ্য সূচি মোতাবেক সভা পরিচালনার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ জানান।

০২। সভায় বিগত ০৮/১১/২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : বিভাগীয় আলোচনার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কালিয়া উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভাপতিদের তাদের কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশগুলি এজেন্ডাভিত্তিক মাসিক সভায় উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করেন। এ ছাড়া তিনি সকল সদস্য ( ভোটিং ও নন-ভোটিং)-কে উপজেলা পরিষদ ম্যানুয়েল ভালোভাবে পড়ে তাদের দায়িত্ব সম্পর্কে জানার জন্য বিশেষভাবে পুনঃঅনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপির ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। তিনি বলেন প্রতিটি ইউনিয়ন উন্নয়ন মূলক কাজের তালিকা প্রণয়ন করতে হবে। তিনি আরো বলেন বারইপাড়া আরএইচডি হয়ে মাউলী বটতলা থেকে বড়দিয়া জিসি রোডটি প্রশস্তকরণ করা হবে। এমতাবস্থায় উক্ত রাস্তার দুইপাশের গাছ গুলো কর্তন করা আবশ্যক। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, বারইপাড়া আরএইচডি হয়ে মাউলী বটতলা থেকে বড়দিয়া জিসি রোডটি প্রশস্তকরণের নিমিত্ত রাস্তার দুই পাশের গাছ কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া<br>গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া |
| ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, করাত কল বিধি মালা-২০১২ অনুযায়ী অবৈধ করাত কল উচ্ছেদের জন্য মোবইল কোর্ট পরিচালনা করে আইনগহত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রশাসনকে অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলার সকল করাত কলের লাইসেন্স করার ব্যবস্থা গ্রহণে ফরেষ্টার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, শিক্ষার্থীদের মেধা বিকাশের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে তার দপ্তর সবসময় সচেষ্ট রয়েছে। তিনি আরো বলেন বই উৎসবের মাধ্যেমে সকল শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করা হবে। উপজেলার অন্তর্গত সকল শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষদের প্রশিক্ষণ প্রদান করা হবে বলে জানান। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বই উৎসব এবং শিক্ষদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (কাবিখা/টিআর) প্রকল্পের কাজ চলমান আছে। পাশাপাশি পুরুলিয়া, গাছবাড়িয়া এবং চাঁচুড়ী ইউনিয়নে রাস্তার কাজের প্রস্তুতি চলমান রয়েছে। তিনি আরো বলেন, প্রতিটি ইউনিয়নে হতদরিদ্র পরিবারের মধ্যে কম্বল বিতরণ করার জন্য ইউনিয়ন চেয়ারম্যানদের নিকট হতে প্রাপ্ত তালিকার মাধ্যমে কাজ সম্পন্ন করা হবে। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দসমূহের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে এবং শতভাগ স্বচ্ছতার সাথে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ৫০% ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি বিতরণ কার্যক্রম চলমান | বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার কৃষকদের মাঝে সকল শতভাগ সচ্ছতার | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, |

| | | | |
|---|---|---|---|
| | আছে। ৩,৬০০ জন কৃষককে উপজেলা পর্যায়ে হাইব্রিড ধানের বীজ বিতরণ হবে যার বরাদ্দ ইতোমধ্যে পাওয়া গেছে। উক্ত প্রণোদনা প্রদানের জন্য তিনি ইউনিয়ন চেয়ারম্যনগনের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | সাথে কৃষি উপকরণ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নড়াইল। |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ৫০ শয্যা হাসপাতালের নির্মিত অংশে ৩য় ও ৪র্থ তলার কাজ শুরু হয়েছে। মাননীয় সংসদ সদস্য ৯৩ নড়াইল-১ জনাব বিএম কবিরুল হক মুক্তি মহোদয় এবং উপজেলা পরিষদের সহযোগীতায় হাসপাতাল ক্যাম্পাসে সাময়িক ভাবে রোগীদের স্থানান্তর করার জন্য টিনসেড নির্মাণ কাজ করার বিষয়ে সভায় আলোচনা হয়। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে ৫০ শয্যা হাসপাতাল কমপ্লেক্স ভবনের নির্মাণ কাজ ১০০% ভাগ সচ্ছতার সহিত এবং হাসপাতালের সুপেয় পাণির ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, কালিয়া উপজেলার অর্ন্তগত সকল ইউনিয়নে পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য কার্যক্রম চলমান রয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি বলেন, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প এর আওতায় ২০জন মৎস্য জীবিদের মাঝে ভ্যান বিতরণের কার্যক্রম চলমান আছে। পাঁচগ্রাম ইউনিয়নে নমুনা মৎস্য গ্রাম স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। চাঁচুড়ী ইউনিয়নের অভয় আশ্রমের কচুরীপানা পরিষ্কার করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে জেলেদের বিকল্প কর্মসংস্থানের পাশাপাশি কারেন্ট জাল এবং চায়না জাল নিধনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনায় উপজেলা মৎস্য অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল |
| উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, বই উৎসবের মাধ্যেমে সকল শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করা হবে। উপজেলার অন্তর্গত সকল শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষদের প্রশিক্ষণ দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বই উৎসব এবং শিক্ষদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, বেদে, অনগ্রসর ভাতা ও বিভিন্ন প্রকার শিক্ষা উপবৃত্তি সহ মোট উপকারভোগীর সংখ্যা ২১,৬৮৭ জন। গত ৩০/১১/২০২৩ খ্রিঃ তারিখ লাইভ ভেরিফিকেশনের সময় শেষ হয়েছে। যে সমস্ত উপকারভোগী লাইভ ভেরিফিকেশনে উপস্থিত হয়নি তাদের পরিবর্তে নতুন উপকারভোগী প্রতিস্থাপন করার জন্য ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলার প্রতিটি ইউনিয়ন থেকে প্রতিস্থাপিত ভাতাভোগীর তালিকা প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, যুব/যুব মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন, তার দপ্তর হতে বায়োগ্যাস প্লান্ট নির্মাণ প্রকল্প কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্পের জন্য ঋণ প্রদানও করা হবে। তিনি আরো জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে আত্মকর্মসংস্থানের জন্য প্রতিটি ইউনিয়নের পরিবেশসহ জ্বালানীর অপচয় রক্ষার্থে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের জন্য প্রতিটি ইউনিয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর |
| উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, তিন মাস অন্তর দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ প্রদান করার কার্যক্রম চলমান আছে। তিনি আরো বলেন, কিশোর কিশোরী ক্লাব স্থাপন পকল্পে কালিয়া উপজেলায় ১৫টি কিশোর কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে। যার সদস্য সংখ্যা ৪৫০ জন। তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে তার দপ্তর হতে আত্মকর্মসংস্থানের জন্য যে প্রশিক্ষণের ব্যবস্থা এবং তার দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনয়নে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান- ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাথমিক বিদ্যালয়ের ৫৫ (পঞ্চান্ন)টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কাজ এবং মোট ৩০টি ওয়াস ব্লক এর কাজ চলমান রয়েছে। কালিয়া উপজেলায় স্থাপিত গভীর নলকূপের পানির আর্সেনিক পরীক্ষা এবং নলকূপোর গোড়া পাকা করণের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত বিষয়গুলি যথাযথভাবে বাস্তবায়নের জন্য এবং দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনয়নে সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |
| উপজেলা নির্বাচন | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, জাতীয় সংসদ নির্বাচন আসন্ন। উক্ত নির্বাচনে ভোট গ্রহণের | বিস্তারিত আলোচনান্তে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম যথাযথভাবে এবং | ১। উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, |

| | | | |
|---|---|---|---|
| | জন্য ভোট কেন্দ্রের তালিকা প্রস্তুত করা হয়েছে। পাশাপাশি জাতীয় নির্বাচন শান্তিপূর্ণ ভাবে পরিচালনার জন্য নির্বাচন কমিশনের নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | আসন্ন জাতীয় নির্বাচনের ভোটকেন্দ্রের তালিকা সংক্রান্ত সকল বিষয় সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনার জন্য উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | নড়াইল। |
| উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, খামারী প্রশিক্ষণের আওতায় ৭১৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৬৮৮ টি গবাদি পশুর কৃত্রিম প্রজনন করানো হয়েছে। পাশাপাশি বিনামূল্যে ছাগল ভেড়ার পিপিআর রোগের টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারতি আলোচনান্তে বিভিন্ন সময়ে উদ্যোগক্তাদের মাঝে প্রশিক্ষণসহ হাঁস-মরুগী, গবাদীপশুর রোগমুক্তির জন্য প্রয়োজনীয় টিকা উপজেলা প্রাণিসম্পদ অফিসারের দপ্তরের রাখার ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল বলেন, ১৬ই ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উদযাপনের জন্য বীর মুক্তিযোদ্ধা এবং শহীদ বীর মুক্তিযোদ্ধার পরিবারকে সম্মান প্রদর্শনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের আলোকে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩(খ) জাতীয় দিবস উদ্‌যাপনের জন্য প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- টাকা ব্যয় করার বিধান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১৬ই ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উদযাপনের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল বলেন, মোঃ পারভেজ সর্দার, পিতা-শাহাদাত সর্দার, সাং-বিষ্ণুপুর, ডাকঘর- মাধবপাশা, কালিয়া, নড়াইল গত ২৬/০৯/২০২৩ খ্রিঃ তারিখে নদী ভাঙ্গনের কবলে পড়ে বসত বাড়িসহ জমি নদী গর্ভে বিলিন হয়ে গেছে মর্মে আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। তিনি উপজেলা পরিষদেও রাজস্ব তহবিলে হতে উক্ত পরিবারকে আর্থিক সহায়তা করার প্রস্তাব রাখেন। উক্ত প্রস্তাবের আলোকে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩(ঘ) অপ্রত্যাশিত খাত হতে প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ৫,০০,০০০/- টাকা ব্যয় করার বিধান রয়েছে। এমতাবস্থায় উক্ত পরিবারের আবেদনের প্রেক্ষিতে উক্ত খাত হতে কিছু আর্থিক সাহায্য করা যায় মর্মে সকলের মতামত প্রদানের অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে হামিদপুর ইউনিয়নের বিষ্ণুপুর গ্রামের ১টি পরিবার নদী ভাঙ্গনের জন্য আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছে তার আবেদনের প্রেক্ষিতে উক্ত পরিবারকে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে আর্থিক সহায়তা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-৩ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল বলেন, উপজেলা পরিষদের অভ্যন্তরের পানির লাইনে সমস্যা হওয়ার কারনে উপজেলা প্রশাসনিক ভবন, উপজেলা অডিটোরিয়াম এবং উপজেলা আনসার ক্যাম্পে পানির সরবরাহ বন্ধ হয়। জরুরী প্রয়োজনে পানির লাইন মেরামত করা হয়েছে। উক্ত পানির লাইন মেরামতে ১০,০০০/-(দশ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি বলেন যে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে উপজেলা পরিষদে আগত আইন-শৃঙ্খলা বাহিনীর উপজেলা পরিষদের অভ্যন্তরে থাকার স্থানে নিরবচ্ছিন্ন পানি সরবরাহের নিমিত্ত পানির পাম্প রক্ষণাবেক্ষণসহ পানির লাইনের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার মধ্যে ব্যয় সিমাবদ্ধ রেখে উক্ত কাজ সম্পন্ন করার প্রস্তাব রাখেন। তিনি জানান যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩(ট) অনুযায়ী পানির পাম্প রক্ষনাবেক্ষণ ও মেরামত করার বিধান রয়েছে। সভায় উপস্থিত সকল সদস্য উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের অভ্যন্তরের পানির পাম্প ও পানির লাইন মেরামত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যয় বিল পরিশোধসহ আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে উপজেলা পরিষদে আগত আইন-শৃঙ্খলা বাহিনীর উপজেলা পরিষদের অভ্যন্তরে থাকার স্থানে পানি সরবরাহের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কৃষ্ণপদ ঘোষ)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৩-১০৮৫(৫০)

তারিখ: ০৫/১২/২০২৩ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ৯৩ নড়াইল-১।
৩। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক,নড়াইল।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।

৮। উপজেলা ......................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
১০। চেয়ারম্যান,......................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

05.12.2023
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

Rajulation meting of co-ordinator/35

## উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরা

মাসের নাম: ডিসেম্বর/২০২৩ তারিখ: ০৫/১২/২৩

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | আমিনুল [illegible] চেয়ারম্যান [illegible] | [signature] |
| ০২। | এম, এম, সাইফুজ্জামান<br>চেয়ারম্যান, ১৪ নং পাঁচগ্রাম ইউনিয়ন | [signature] |
| ০৩। | মোল্যা মাহবুবুর রহমান<br>চেয়ারম্যান ৫নং সালামাবাদ ইউপি | [signature] |
| ০৪। | [illegible] ইসলাম চেয়ারম্যান<br>১০ নং [illegible] ইউপি | [signature] |
| ০৫। | মো: মোজাম্মেল হোসেন<br>চেয়ারম্যান — বাবরা, হাচলা, | [signature] |
| ০৬। | মল্লিক মোঃ মফিজুল ইসলাম<br>চেয়ারম্যান [illegible] | [signature] |
| ০৭। | চেয়ারম্যান, মাউলী ইউনিয়ন<br>পরিষদ, | রোজী হক |
| ০৮। | | |
| ০৯। | | |
| ১০। | | |
| ১১। | | |
| ১২। | | |
| ১৩। | | |
| ১৪। | | |

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরা

মাসের নাম: ডিসেম্বর/২০২৩ তারিখ: ০৫/১২/২০২৩

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | মো: ইব্রাহিম মোল্লা | [signature] |
| ০২। | ডা: অমলেন্দু চন্দ্র ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কালিয়া | [signature] |
| ০৩। | তপন কুমার রায়চৌধুরী, উপজেলা প্রাণিসম্পদ ও ভেটেরিনারি কর্মকর্তা | T. Ruprof [signature] |
| ০৪। | মো: রেজওয়ান উদ্দিন, ইন্সপেক্টর তদন্ত নড়াগাতী থানা | [signature] |
| ০৫। | আবুল কালাম মিয়াজী, UPIO, Kalia Narail | [signature] |
| ০৬। | মো: মনিয়ার রহমান, ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি | [signature] 05.12.23 |
| ০৭। | মো: আ: হান্নান, ফায়ারসার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন | [signature] ০৫/১২/২৩ |
| ০৮। | সুদীপ কুমার পোদ্দার, উপজেলা প্রকল্প কর্মকর্তা (বিআরডিবি) | [signature] |
| ০৯। | পংকজ কুমার প্রামানিক, @CLED কালিয়া, নড়াইল UCF | [signature] ০৫/১২/২৩ |
| ১০। | কেয়া দাস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল | [signature] ০৫/১২/২০২৩ |
| ১১। | মো: জুবায়ের হোসেন, সহকারী সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল | [signature] 05.12.23 |
| ১২। | মো: ওবায়দুর রহমান, উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল | [signature] |
| ১৩। | মো: আমজাদ হোসেন, ভা: চেয়ারম্যান | [signature] ০৫/১২/২০২৩ |
| ১৪। | এস এম ফেরদৌস, UAO, Kalia, Narail | [signature] ০৫/১২/২৩ |

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| | গোলাম কিবরিয়া (URDO) [illegible] | [illegible] ০৫/১২/২৬ |
| | মো: জাহাঙ্গীর আলম উপ-সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | [illegible] ০৫/১২/২৬ |
| | মো: কাবিরুল হোসেন (এম আর) পরিসংখ্যান | কাবিরুল ০৫/১২/২৬ |
| | ডা: মোছাঃ নাজনীন নাহার উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভা:) কালিয়া, নড়াইল | N nalam ০৫/১২/২৬ |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |